

মালিকদের জন্য বিজ্ঞপ্তি

এই নথির উদ্দেশ্য হচ্ছে NYC এর বাণিজ্যিক রান্নার নির্গমন ব্যবস্থা সম্পন্ন ব্যবসার মালিকদেরকে FDNY নিয়ম এবং প্রবিধান নিয়ে শিক্ষা প্রদান করা। প্রশ্নোত্তর আকারে তথ্যসমূহ নিচে প্রদান করা হয়েছে। এই নথি পড়ার পর যদি তথ্য সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকে তাহলে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের FDNY ওয়েবসাইট লিঙ্কে ক্লিক করুন: <https://www1.nyc.gov/site/fdny/business/all-certifications/certificates-commercial-cooking-exhaust.page>

- **রান্নার নির্গমন ব্যবস্থা পরিষ্কার করার জন্য কারা অনুমোদনপ্রাপ্ত?**

নির্গমন ব্যবস্থার নল ও উপরের ছুডের অন্যান্য পদ্ধতির অংশসমূহ অবশ্যই একজন FDNY অনুমোদিত লাইসেন্স প্রাপ্ত কোম্পানির কর্মী দ্বারা পরিষ্কার করাতে হবে। কর্মক্ষেত্রের সকল কর্মীদের নিকট NYC ফায়ার সার্ভিসের একটি W-64/P-64 সার্টিফিকেশন অব ফিটনেস (COF) অবশ্যই থাকতে হবে। আপনার প্রাঙ্গন পরিষ্কার করার পূর্বে সকল বাণিজ্যিক রান্নার নির্গমন ব্যবস্থা পরিষ্কার করার কোম্পানির কর্মীদেরকে অবশ্যই একটি বৈধ ফিটনেস সার্টিফিকেট প্রদর্শন করতে হবে। (NYC ফায়ার কোড অধ্যায় 901.6.3.3 দ্রষ্টব্য)।

<https://www1.nyc.gov/assets/fdny/pdfviewer/viewer.html?file=Chapter-09.pdf§ion=firecode 2014>

- **কতদিন পরপর রান্নার নির্গমন ব্যবস্থা পরিদর্শন ও পরিষ্কার করাতে হবে?**

NYC ফায়ার কোড অনুসারে, ছুড, গ্রীজ ফিল্টার, গ্রীজ নিষ্কাশক, ডাক্ট পাইপ, নিষ্কাশন ফ্যান, দূষণ নিয়ন্ত্রণকারী যন্ত্র ও অন্যান্য আনুষঙ্গিক বস্তুসহ একটি রান্নার নির্গমন ব্যবস্থাকে অন্তত তিন (3) মাস অন্তর এবং “প্রয়োজন অনুসারে” আরও ঘন ঘন পরীক্ষা ও পরিষ্কার করাতে হবে। অনাবৃত ধাতু না হওয়া পর্যন্ত পৃষ্ঠতল পরিষ্কার করতে হবে। তিন-তলা উচ্চতার উপরে অবস্থিত ডাক্ট পাইপের অভ্যন্তরীণ অংশের খাড়া অংশ এবং বাহ্যিক অংশের খাড়া অংশ অন্তত ছয় (6) মাস অন্তর অবশ্যই পরিষ্কার করাতে হবে। (NYC ফায়ার কোড অধ্যায় 609.4.1 দ্রষ্টব্য)।

<https://www1.nyc.gov/assets/fdny/pdfviewer/viewer.html?file=Chapter-06.pdf§ion=firecode 2014>

- **কতদিন পরপর কঠিন জ্বালানী রান্নার যন্ত্রপাতি ব্যবহারকারী রান্নার নির্গমন ব্যবস্থাসমূহকে পরিদর্শন ও পরিষ্কার করাতে হবে?**

যে সব বাণিজ্যিক রান্নার নির্গমন ব্যবস্থা কঠিন জ্বালানী (কাঠ এবং কয়লা) ব্যবহার করে, সেগুলোকে অবশ্যই মাসে একবার প্রশিক্ষিত এবং বুদ্ধিমান ব্যক্তি দ্বারা **পরীক্ষা** এবং অন্তত তিন (3) মাস অন্তর W-64/P-64 ফিটনেস সার্টিফিকেটধারী ব্যক্তি দ্বারা **পরিষ্কার** করাতে হবে। (NYC ফায়ার কোড অধ্যায় 609.4.1 দ্রষ্টব্য)। <https://www1.nyc.gov/assets/fdny/pdfviewer/viewer.html?file=Chapter-06.pdf§ion=firecode 2014>

- **পূর্বপরিকল্পিত সময়সূচির আগেই যদি নিষ্কাশন পদ্ধতি পিচ্ছিল হয়ে যায় তাহলে আমি কী করব?**

এটি একটি ভাল ইঙ্গিত যে আপনাকে আরও ঘন ঘন পরিষ্কারের কাজ করানোর প্রয়োজন হতে পারে, এটি আপনার প্রাঙ্গণে রান্নার কাজের পরিমাণ ও ধরনের উপর নির্ভর করে।

এটি মনে রাখবেন যে, অগ্নিকান্ডের ঝুঁকি ও সেই সাথে সম্পত্তি এবং আয়ের ক্ষতি হ্রাস করার প্রচেষ্টার ক্ষেত্রে পরিষ্কারের কাজ করানোর সঠিক মাত্রা অপরিহার্য। একজন ব্যবসা মালিক হিসেবে, আপনার প্রাঙ্গনে একজন FDNY পরিদর্শকের আগমনের প্রেক্ষিতে পরিষ্কারের কাজ করানোর সকল লিখিত বিবরণ রক্ষণাবেক্ষণ করা আপনার দায়িত্ব।

- **এই কাজ সম্পাদন করার জন্য ক্লিনিং কোম্পানির কাছে কি কোন বিশেষ সরঞ্জাম থাকতে হবে?**

সেবা প্রদান ও পরিষ্কার করার জন্য প্রয়োজনীয় সকল টুল, উপকরণ এবং সরঞ্জাম, যেমন মই, আলোক সরঞ্জাম, ছাঁটাই এবং ধৌত করার যন্ত্রপাতি, পরিষ্কারক উপাদান এবং কোম্পানির নাম ও FDNY কোম্পানি নম্বর অঙ্কিত যানবাহন ক্লিনিং কোম্পানির কাছে অবশ্যই থাকতে হবে। (3 RCNY §115-01 দ্রষ্টব্য) http://rules.cityofnewyork.us/sites/default/files/adopted_rules_pdf/115-02_commercial_cooking-pfe_proof_of_compliance_4-12-18_promulgation_final.pdf

ক্লিনিং কোম্পানিসমূহের দায়িত্ব এবং আবশ্যিকতা

ক্লিনিং কোম্পানিগুলোকে তাদের যথাসাধ্য ক্ষমতা দ্বারা পরিষ্কার করার কাজ করতে হবে এবং প্রতিটি প্রাঙ্গনের পরিষ্কার ও সেবা প্রদানের লিখিত বিবরণ তাদেরকে রক্ষণাবেক্ষণ করতে হবে। সেই সাথে, তাদের FDNY স্বীকৃতির অংশ হিসেবে, প্রয়োজন অনুসারে রান্নাঘর নিষ্কাশন পদ্ধতি পরিষ্কার করার চেষ্টাকালে যেকোনো ঘাটতি পাওয়া গেলে তা উল্লেখপূর্বক একটি লিখিত চিঠি প্রতিটি কোম্পানি কর্তৃক তাদের গ্রাহকদেরকে প্রদান করতে হবে। তাদেরকে অবশ্যই ঘাটতির জন্য FDNY-কে অবহিত করতে হবে।

উক্ত ঘাটতি সম্পর্কে অবহিতকরণে ক্লিনিং কোম্পানিগুলো ব্যর্থ হলে তারা স্থগিতাদেশ এবং তাদের লাইসেন্সের সম্ভাব্য বাতিলকরণের মতো শাস্তিমূলক পদক্ষেপের মুখোমুখি হতে পারে। রান্নার কোন নির্গমন পদ্ধতির উপর কোন সার্ভিস ডিক্যালের অবস্থান যদি সঠিকভাবে পরিচ্ছন্ন না থাকার কারণ হয়ে থাকে, তবে তা কোম্পানি কর্তৃক একটি নন-সার্ভিস ডিক্যাল স্থাপনের কারণ হতে পারে।

এক বা একাধিক হুডে সেবা প্রদানকারী কোম্পানি দ্বারা ডিক্যাল স্থাপনকালে প্রতিটি ডিক্যালের সেবা প্রদানকারী কোম্পানির পরিচয়, এর ঠিকানা ও ফোন নম্বর, FDNY সার্টিফিকেট নম্বর; পরিষ্কার পরিচালনাকারী ব্যক্তির ফিটনেস সার্টিফিকেট এবং পরিষ্কার যেদিন করা হয়েছে তার তারিখ উল্লেখ করতে হবে। একটি বাণিজ্যিক রান্নাঘর নিষ্কাশন পদ্ধতি পরিষ্কারের প্রমাণস্বরূপ একটি FDNY অনুমোদিত ডিক্যাল স্থাপনে সেবা প্রদানকারী কোম্পানি ব্যর্থ হলে তাদেরকে দায়ী করা হবে এবং ডিক্যালের অনুপস্থিতি অপব্যবহারের প্রমাণ হিসেবে গণ্য হবে। অতএব, যথাযথ কোড অনুযায়ী পুঙ্খানুপুঙ্খভাবে কাজ করা হয়েছে এবং পরিষ্কার করা হয়েছে **শুধুমাত্র** এমন রান্নাঘর নিষ্কাশন পদ্ধতিতেই ডিক্যাল সরবরাহকারী কোম্পানিগুলো ডিক্যাল স্থাপন করতে পারবে। অপব্যবহার রোধে সেবা প্রদানকারী কোম্পানিগুলোকে অবশ্যই এসব ডিক্যাল রক্ষা করতে হবে।

ধন্যবাদান্তে,
FDNY